## ইরাকে ভারতীয় নাগরিকদের ভ্রমণ বিষয়ক নির্দেশাবলী

১.ইরাকে নিরাপত্তা পরিস্থিতি এখনো অনিশ্চিত হয়ে রয়েছে। গত ১৫ জুন ২০১৪ ইরাকে ভারতীয় নাগরিকদের ভ্রমণ বিষয়ে একটি নির্দেশাবলী জারি হয়েছে।

২. সেখানকার প্রতিকূল ও বিপদসংকুল নিরাপত্তা পরিস্থিতির কারণে সকল ভারতীয় নাগরিককে নিজ আবাসের অভ্যন্তরে থাকার পরামর্শ দেওয়া হচ্ছে।যদি তাঁরা সংঘর্ষ এলাকায় থাকেন এবং নিরাপদ স্থানে চলে যেতে চান অথবা স্বেচ্ছায় বাণিজ্যিক ভাবে দেশত্যাগ করতে চান ,তাহলে তা করতে পারেন। পুনরায় নির্দেশ না দেওয়া পর্যন্ত ভারতীয় নাগরিকদের ইরাক সফরে নিষেধ করা হচ্ছে।বর্তমানে এরবিল,বাদগাদ,বাসরা এবং নজফ শহরের বিমানবন্দরগুলি চালু রয়েছে বলে সংবাদ এসেছে।

৩. ইরাকে অবস্থিত বারতীয় নাগরিকরা বাগদাদের ভারতীয় দুতাবাসের ২৪ ঘন্টার হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন। গত ১৫ জুন ২০১৪ তে জারি করা নির্দেশাবলীতে তার যোগাযোগ নাম্বার দেওয়া হয়েছে।

el. No. +964 770 444 4899 (Mobile)
Tel No. +964 770 484 3247 (Mobile)
Email: amb.baghdad@mea.gov.in
hoc.baghdad@mea.gov.in
cons.baghdad@mea.gov.in
edubaghdad@yahoo.com
Website: www.indianembassybaghdad.in

৪. ইরাকের ভারতীয় নাগরিকদের সুবিধার্থে বাগদাদ ভারতীয় দূতাবাস শীঘ্রই নজফ,কারবালা ও বাসরাতে অস্থায়ী শিবির খুলবেন। এই শিবির খোলার পরে বিস্তারিত জানানো হবে।

**নয়াদিল্লি**

**২৪জুন ২০১৪**